27

তারিখ ...17 AUG 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক সংবাদ

চট্টগ্রাম বোর্ড ঃ এসএসসি পরীক্ষা

# জালিয়াতি ঃ ২৭ জনের পরীক্ষা বাতিল, স্থগিত ২৭৮ জনের

অঞ্জন কুমার সেন, চট্টগ্রাম ঃ চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন জালিয়াতির মাধ্যমে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুনির্দিষ্ট অভিযোগে ২৭ জন এসএসসি পরীক্ষার্থীর ফলাফল বাতিল করে দিয়েছেন এবং আরো ২শ' ৭৮ জন পরীক্ষার্থীর ফলাফল স্থগিত ঘোষণা করেছেন। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এই জালিয়াতির ঘটনায় জড়িত ৪টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় অভিযোগ এনেছেন এবং তাদের বেতনের সরকারি অনুদান বন্ধের সুপারিশ রেখেছেন। সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্রে এই তথ্য পাওয়া গেছে।

সূত্র জানায়, এসএসসি পরীক্ষাশেষে রেজিস্ট্রেশন জালিয়াতির একাধিক অভিযোগ বোর্ড কর্তৃপক্ষের নজরে আসে। কর্তৃপক্ষ জালিয়াতির ঘটনা তদন্তের জন্য তদন্ত কমিটি গঠন করেন। কমিটি তদন্তশেষে রিপোর্ট দাখিল করে। রিপোর্ট অনুসারে বোয়ালখালী থানাধীন সারোয়াতলী পিসি সেন হাই স্কুলের ২৭ জন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন জালিয়াতির ঘটনা প্রমাণিত হওয়ায় এসব পরীক্ষার্থীর এসএসসি'র ফলাফল (সদ্য ঘোষিত) গত সপ্তাহে বাতিল করা হয়। এছাড়া তদন্তকালে রাঙ্গুনীয়া থানাধীন গৌর মিয়া হাইস্কুল, রাউজান থানাধীন সরফভাটা হাই স্কুল ও কক্সবাজার প্রিপারেটরি হাই স্কুলের ২৭৮ জন এসএসসি পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন জালিয়াতিসহ অপরাপর অনিয়মের তথ্য-প্রমাণাদি পাওয়ায় এসব পরীক্ষার্থীর ফলাফল স্থগিত ঘোষণা করা হয়। আরো তদন্ত করে চূড়ান্তভাবে নিশ্চিত হওয়ার পর এসব পরীক্ষার্থীর স্থগিত ফলাফলের ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে বলে বোর্ডের একটি সূত্র জানিয়েছে।

সূত্র আরো জানায়, উল্লিখিত ৪টি শিক্ষা চট্টগ্রাম ঃ পৃঃ ১১ কঃ ৩

## চট্টগ্রাম ঃ জালিয়াতি

(১ম পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকদের এই রেজিস্ট্রেশন জালিয়াতির সাথে সম্পৃক্ত থাকার অনেক তথ্য-প্রমাণ পাওয়া গেছে। এসব তথ্য-প্রমাণের ভিত্তিতে উক্ত ৪টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগ আনা হয়েছে এবং তাদের বেতনের সরকারি অংশ স্থগিত রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ রাখা হয়েছে।